



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৩৫

প্রাথমিক বৃত্তি পরীক্ষা উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী: ১৮ পৌষ (২৯ ডিসেম্বর) :

আগামী শুক্রবার (৩০ ডিসেম্বর) রাজশাহী মহানগরীর ০৪টি কেন্দ্রে ২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্তে নিষেধাজ্ঞা আরোপ করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি)। গতকাল বুধবার (২৮ ডিসেম্বর) আরএমপি'র এক আদেশে এই নিষেধাজ্ঞা জারি করা হয়।

আদেশ মোতাবেক, পরীক্ষা চলাকালীন সময়ে নিম্নবর্ণিত পরীক্ষা কেন্দ্রসমূহের চতুর্দিকে দুই'শ গজের মধ্যে সকল প্রকার মিছিল, মিটিং, সমাবেশ, বিক্ষোভ প্রদর্শন, মাইকিং, বিস্ফোরক দ্রব্য ও অস্ত্রশস্ত্র বহন এবং চার জনের অধিক একত্রে চলাচল নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

পরীক্ষা কেন্দ্রসমূহ হল: (১) রায়পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাজশাহী; (২) হোসেনিগঞ্জ বালিকা সরকারি প্রাথমিক, রাজশাহী; (৩) নওদাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাজশাহী; (৪) রানীনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাজশাহী।

উক্ত সময়ে আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

.....
তৌহিদ/রুহুল/২০২২/১১.০০ঘ.